১৭

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JAN. 3 1. 1999 ... ...
পৃষ্ঠা ২০ কলাম ... ২......

# বাউবি'র কৃষি শিক্ষা কোর্স

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এগ্রিকালচার এ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট অনুষদের বিএগএড (Bachelor of Agricultural Education) প্রোগ্রাম একটি স্নাতক পর্যায়ের প্রোগ্রাম। কৃষি ও পল্লী উন্নয়নে জীবনমুখী বিভিন্ন আনুষ্ঠানিক প্রোগ্রাম চালু করার মাধ্যমে দক্ষ ও শিক্ষিত জনগোষ্ঠী গড়ে তোলাই এ অনুষদের লক্ষ্য। মাধ্যমিক পর্যায়ে কৃষি শিক্ষা বিষয়ে শিক্ষাদানের জন্য দক্ষ গ্র্যাজুয়েট শিক্ষক তৈরি করাই এ প্রোগ্রামের মূল লক্ষ্য। শিক্ষকতার মতো মহান পেশায় আগ্রহী ও নিয়োজিত ব্যক্তিবর্গ ছাড়াও কৃষি বিভাগের এবং কৃষির সাথে সংশ্লিষ্ট বিভাগে কর্মরত অনেকেই এ ডিগ্রী লাভ করে সুফল পেতে পারেন। বিএগএড ডিগ্রীধারীরা চাকরি ক্ষেত্রে বিএড ডিগ্রীধারীদের মতোই সমান সুযোগ-সুবিধা লাভ করবেন।

এইচএসসি (বিজ্ঞান/কৃষি) ২য় বিভাগ লাভকারী যে কেউ এ প্রোগ্রামে ভর্তি হতে পারে। তবে স্কুল ও মাদ্রাসায় কর্মরত শিক্ষকগণের ক্ষেত্রে ৩য় বিভাগপ্রাপ্তগণও ভর্তি হতে পারেন। তিন বছর মেয়াদী এই প্রোগ্রামটি ৬ সেমিস্টারে বিভক্ত। ছয় মাস পরপর পরীক্ষা অনুষ্ঠিত হয়।

বিএগএড প্রোগ্রামটি দূরশিক্ষণ পদ্ধতিতে পরিচালিত বিধায় ভর্তির সময় শিক্ষার্থীদের পাঠসামগ্রী প্রদান ও পরবর্তীতে টিউটোরিয়াল সেবা প্রদানসহ বিভিন্ন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে শিক্ষাদান করা হয়। প্রতিটি কোর্সের জন্য বিষয় বিশেষজ্ঞ দিয়ে রচিত স্বশিখন উপযোগী পাঠ্যপুস্তক দেয়া হয়। তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় বিষয়ে সমৃদ্ধ পাঠ্যপুস্তকসমূহ এমনভাবে রচিত যেন শিক্ষার্থীরা নিজেরা বাড়িতে পড়ে জ্ঞান লাভ করতে পারেন। অভিজ্ঞতায় সমৃদ্ধ টিউটরগণের তত্ত্বাবধানে শিক্ষার্থীরা স্ব-স্ব পারিবারিক পরিবেশ এবং টিউটোরিয়াল কেন্দ্রে ব্যবহারিক বিষয়সমূহ সম্পর্কে হাতে-কলমে শিক্ষা লাভ করে থাকেন। শিক্ষার্থী তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়ে পাঠ সংক্রান্ত যে সব সমস্যার সম্মুখীন হন তা সমাধানের জন্য টিউটোরিয়াল কেন্দ্রে নির্দিষ্ট শুক্রবারে বিশেষজ্ঞ শিক্ষকদের পরামর্শ নিতে পারেন। এ ছাড়াও পাঠ্যসূচীর অপেক্ষাকৃত জটিল অংশের ওপর মাঝে মাঝে বেতার ও টিভিতে আলোচনা করা হয়। শিক্ষার্থীদেরকে প্রতিটি কোর্সের জন্য এ্যাসাইনমেন্ট (TMA) জমা দিতে হয়। ছয় মাসের প্রতিটি সেমিস্টার শেষে তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়ের ওপর চূড়ান্ত পরীক্ষা টিউটোরিয়াল কেন্দ্রের বিশেষজ্ঞ টিউটরগণের সার্বিক তত্ত্বাবধানে অনুষ্ঠিত হয়।

বিএগএড প্রোগ্রামের অন্তর্ভুক্ত বিষয়সমূহ নিম্নরূপ ঃ প্রথম সেমিস্টার-কৃষি পরিচিতি ও পরিবেশ, বীজ ও বীজ প্রযুক্তি, মাঠ ফসল উৎপাদনের মৌলনীতি ও খামার ব্যবস্থা, মৃত্তিকা বিজ্ঞান, গৃহপালিত পাখি পালন ও হাঁস-মুরগির হ্যাচারি ব্যবস্থাপনা, মাছের চাষ ও ব্যবস্থাপনা, মাতৃভাষা বাংলা। দ্বিতীয় সেমিস্টার ঃ মাঠ ফসল উৎপাদনের কৌশল, উদ্ভিদ পুষ্টি ও সার ব্যবস্থাপনা, খামার যন্ত্রপাতি, গৃহপালিত পশু পালন, মাছের খাদ্য ও পুষ্টি, বন ও জীব বৈচিত্র্য, English Oral Communication And Study Skill : তৃতীয় সেমিস্টার ঃ সবজি চাষ, সেচ পদ্ধতি ও ব্যবস্থাপনা, বনায়ন, বনজ নার্সারি, English Reading and Writing Skill, শিক্ষা মনোবিজ্ঞান-১, শিক্ষা নীতি-১, চতুর্থ সেমিস্টার- ফল চাষ, ফসলের পোকা-মাকড় ও ইঁদুর দমন, গৃহপালিত পশুর রোগ ও আগাছা, গৃহপালিত পাখির রোগ ও প্রতিকার, মাছের স্বাস্থ্য পরিচর্যা, শিক্ষা নীতি-২, শিক্ষা মূল্যায়ন ও নির্দেশনা-১, শিক্ষা মনোবিজ্ঞান-২। পঞ্চম সেমিস্টার-ফসলের রোগ ও আগাছা, গৃহপালিত পাখির রোগ ও প্রতিকার, মাছের স্বাস্থ্য পরিচর্যা, শিক্ষা নীতি-২, শিক্ষা মূল্যায়ন ও নির্দেশনা-২, শিক্ষার ইতিহাস-১, পরিসংখ্যান, কম্পিউটার পরিচিতি ও ব্যবহার, ষষ্ঠ সেমিস্টার- কৃষি সম্প্রসারণ, কৃষি অর্থনীতি, মৎস্য আহরণ ও সংরক্ষণ, ফুল ও সুদৃশ্য গাছের চাষাবাদ, শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা, শিক্ষার ইতিহাস-২, শিক্ষা মনোবিজ্ঞান-৩।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এই বিএগএড প্রোগ্রাম কৃষি শিক্ষায় এক নয়া দিগন্তের সূচনা করেছে। এ দেশে এ প্রোগ্রাম সম্পূর্ণ নতুন। কৃষিতে অনগ্রসর তৃতীয় বিশ্বের এই উন্নয়নশীল দেশে কৃষি শিক্ষায় ডিগ্রীধারীদের প্রয়োজন সন্দেহাতীতভাবেই অপরিহার্য। এ বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এগ্রিকালচার এ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট অনুষদ ভবিষ্যতে পর্যায়ক্রমে সার্টিফিকেট ও পিএইচডি কোর্স চালু করবে।

মোঃ মাইনুল ইসলাম